সোমবার মালদায় নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১২৬তম জন্মদিবস পালন।-নিজস্ব চিত্র।

আলিপুরদুয়ারে নেতাজি জয়ন্তী মহা সমারোহে

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৩ জানুয়ারি ঃ মহা সমারোহে আলিপুরদুয়ারে পালিত হল নেতাজির ১২৬তম জন্মজয়ন্তী। এদিন আলিপুরদুয়ার পুরসভার উদ্যোগে নেতাজী মূর্তিতে মাল্যদান করা হয়। এছাড়া শহরে ম্যারাথন দৌড় প্রতিযোগিতা সহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ভারত স্কাউট এন্ড গাইডের পক্ষ থেকে সোমবার কালচিনি ব্লকের লতাবাড়ি গ্রামীন হাসপাতালে সাফাই অভিযান কর্মসূচি পালন করা হল। এদিন ভারত স্কাউট এন্ড গাইডের ডিমা ডিভিশনের তরফে নেতাজীর জন্মজয়ন্তী উপলক্ষে এই কর্মসূচি গ্রহণ করা হয়। এ বিষয়ে ভারত স্কাউট এন্ড গাইডের ডিমা ইউনিটের চেয়ারম্যান কোমল কুজুর জানান, এই অভিযান ছাড়াও আজ আমরা ব্লকের বিভিন্ন চা বলয় ঘুরে ঘুরে মানুষকে সচেতন করবো, যাতে সকলেই নিজেদের এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখে এবং এই স্বচ্ছতা অভিযানে যাতে তারাও আমাদের পাশে এসে দাঁড়ায়। কালচিনি ব্লকে এদিন হ্যামিল্টনগঞ্জ ডিপো পাড়া এলাকায় যুব সংঘের পক্ষ নেতাজী সুভাষ চন্দ্র বোসের আবক্ষ মূর্তি উন্মোচিত করা হয় এবং নেতাজী জন্মজয়ন্তী উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যেখানে এলাকার ছাত্র-ছাত্রীদের দ্বারা বিভিন্ন অনুষ্ঠান আয়োজিত হয়। এদিনের অনুষ্ঠানে এলাকার বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনে মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৩ জানুয়ারি ঃ শিলিগুড়ির শালবাড়ির কৃষক বাজারে সুফল বাংলার বিক্রয় কেন্দ্র ও ৮টি চলমান সবজি বিক্রয় কেন্দ্রের ভার্চুয়ালি উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর উদ্বোধনের সাথেই শিলিগুড়ির সালবাড়িতে অনুষ্ঠান মঞ্চ থেকে চলমান সবজি বিক্রয় কেন্দ্র এবং এই শালবাড়ির সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করেন রাজ্যের বিদ্যুৎ ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী অরূপ বিশ্বাস, শিলিগুড়ির মেয়র গৌতম দেব, ডেপুটি মেয়র রঞ্জন সরকার, শিলিগুড়ি মহাকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ , শিলিগুড়ি পুলিশ কমিশনার অখিলেশ চতুর্বেদী, দার্জিলিং জেলার জেলাশাসক এস পুন্নম্বলাম সহ অন্যান্য অতিথিরা। সোমবার দুপুর ১টা নাগাদ সবুজ পতাকা নাড়িয়ে এই চলমান সবজি বিক্রয় যানের সূচনা করা হয়। জানা গিয়েছে শিলিগুড়ি শহর এবং মহকুমায় মোট আটটি যানবাহন উদ্বোধন করা হয়। তার পাশাপাশি শিলিগুড়ির শালবাড়ির বিক্রয় কেন্দ্র সহ আরও ২৪ টি অর্থাৎ শিলিগুড়ি এবং মহকুমা জুড়ে মোট ২৫ টি সুফল বাংলা বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করা হয়। এর মধ্য থেকে কৃষকেরা নিজের উৎপাদিত সবজি ক্রেতারা বিক্রি করতে পারবেন এবং ক্রেতারাও কম মূল্যে সেই সবজি পাবেন।

দেওয়াল লিখন করে ফতোয়া গ্রামবাসীদের

নেতা-মন্ত্রী ও দিদির দূতদের গ্রামে প্রবেশে নিষেধাজ্ঞা জারি

তনুজ জৈন, মালদা, ২৩ জানুয়ারি ঃ দীর্ঘদিন ধরে বেহাল অবস্থা রাস্তার। পানীয় জল নিয়েও সমস্যা। স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিদের বারবার বললেও হয়নি সুরাহা। তাই নিজেদের দাবি আদায় করতে এবার অভিনব প্রতিবাদ গ্রামবাসীর। গ্রামের দেওয়ালে দেওয়ালে লিখে দেওয়া হচ্ছে নেতা-মন্ত্রীদের প্রবেশ নিষেধ। ঢুকতে দেওয়া হবে না দিদির দূতদের। যতদিন তাদের সমস্যার সমাধান না হয় ততদিন তারা এই সিদ্ধান্তেই অনড় থাকবেন সাফ জানিয়ে দিল এলাকাবাসী। দেওয়াল লিখনের সাথে সাথে বিক্ষোভ এলাকার মহিলাদের। যা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। তৃণমূলকে তীব্র কটাক্ষ বিজেপির। বিরোধীদের চক্রান্ত পাল্টা দাবি তৃণমূলের। মালদা জেলার ওল্ড মালদা ব্লকের মঙ্গলবাড়ী গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পাশিপাড়া এলাকার ঘটনা। সামনেই পঞ্চায়েত ভোট। জনসংযোগ বাড়াতে মমতা ব্যানার্জির নির্দেশে শুরু হয়েছে দিদির দূত কর্মসূচি। এলাকায় এলাকায় গিয়ে মানুষের অভাব-অভিযোগ শুনছেন জনপ্রতিনিধিরা। সেই কর্মসূচি চলাকালীনই এই ধরনের দেওয়াল লিখন সামনে এলো পাশিপাড়া এলাকায়। এলাকাবাসীর অভিযোগ দীর্ঘদিন ধরে গ্রামের রাস্তার অবস্থা বেহাল। পানীয় জল নিয়েও প্রচন্ড সমস্যা। কিন্তু পঞ্চায়েতে ব্লকে বারবার জানালেও কোন সুরাহা হয়নি। তাই এবার সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত গ্রামে নেতা-মন্ত্রীদের প্রবেশ নিষিদ্ধ। করতে দেওয়া হবে না কোনো রকম রাজনৈতিক কর্মসূচি বা মিটিং। ঢুকতে দেওয়া হবে না দিদির দূতদের। দরকার হলে করা হবে ভোট বয়কট। সাফ বক্তব্য এলাকাবাসীর। দেওয়াল লিখনে সামিল এলাকার মহিলারাও। এদিকে এই দেওয়াল লিখন সামনে আসতেই শোরগোল পড়ে গেছে জেলা রাজনৈতিক মহলে। মানুষ এবার জেগে গেছে। দিদির দূতদের গ্রামে গেলে ভূত হয়েই ফিরতে হবে। তীব্র কটাক্ষ বিজেপির। বিরোধীরা মানুষকে বিভ্রান্ত করছে। এটা বিরোধীদের চক্রান্ত। পাল্টা সাফাই তৃণমূলের। পঞ্চায়েত ভোটের প্রাক্কালে তুঙ্গে রাজনৈতিক তরজা। স্থানীয় বাসিন্দা ফুলপরী চৌধুরী বলেন, আমরা কোন নেতা মন্ত্রী বা দিদির দূতদের ঢুকতে দেবো না। আগে আমাদের গ্রামের রাস্তা করে দিতে হবে। পানীয় জলের ব্যবস্থা করতে হবে। তার আগে পর্যন্ত প্রবেশ নিষেধ। স্থানীয় বাসিন্দা বিমল সরকার বলেন, আমরা বারবার জনপ্রতিনিধিদের জানিয়েছি। পঞ্চায়েত সমিতিকে জানিয়েছি। কিন্তু কোন কাজ হয়নি। তাই এবার কাজ না হওয়া পর্যন্ত আমরা কাউকে গ্রামে ঢুকতে দেবো না। প্রয়োজনে ভোট বয়কট করা হবে। ওল মালদা ব্লক পঞ্চায়েত সমিতির সভানেত্রী মৃণালিনী মাইতি বলেন, ওই বুথের পঞ্চায়েত সদস্য বিজেপির ছিলেন। কোন কাজ করেননি। সদ্য তৃণমূলে যোগ দিয়ে মানুষের জন্য কাজ করা শুরু করেছেন। বিরোধীরা মানুষকে বিভ্রান্ত করছে। এসব বিরোধীদের চক্রান্ত। জেলা বিজেপি কমিটির সদস্য কিষান কেডিয়া বলেন, দিদির দূতরা আর গ্রামে গ্রামে ঢুকতে পারবে না। মানুষ এবার জেগে গেছে। তৃণমূলের দিন শেষ। দূতদেরকে ভূত হয়ে ফিরতে হবে। রাজ্যজুড়ে দিদির দূত কর্মসূচি চলাকালীন জনপ্রতিনিধিদের সামনেই বিভিন্ন সময় মানুষের বিক্ষোভ সামনে আসছে। এবার দেওয়াল লিখে অভিনব প্রতিবাদ। যেভাবে মানুষের ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটছে তা তৃণমূলের অস্বস্তি বাড়াচ্ছে। মত রাজনৈতিক পর্যবেক্ষকদের।

সোমবার নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬তম জন্মবার্ষিকী অনুষ্ঠানে মাল্যদান করলেন বাঁকুড়ার জেলাশাসক কে. রাধিকা আইয়ার, অতিরিক্ত জেলাশাসক (সাধারণ) প্রলয় রায়চৌধুরী, মহকুমাশাসক সুশান্ত কুমার ভক্ত ও বাঁকুড়া পৌরসভার পৌরপ্রধান অলকা সেন মজুমদার। -নিজস্ব চিত্র।

সরকারি চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগে গ্রেফতার

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ জানুয়ারি ঃ সরকারি চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল জলপাইগুড়ির রাজগঞ্জ থানার পুলিশ। ধৃতের নাম শ্যামল বর্মন। বাড়ি বাগডোগরা থানার ভুবনগুড়িছাট গ্রামে। পলাতক আরেক অভিযুক্ত করিমুল হক। তার বাড়ি রাজগঞ্জ থানার তেওয়ারিপাড়ায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, রাজগঞ্জের কুকুরজান গ্রাম পঞ্চায়েতের তেওয়ারিপাড়ার যুবক সাজ্জিত হোসেনকে ব্লকের ডাটা এন্ট্রি অপারেটর পদে চাকরি দেওয়ার নাম করে ২ লক্ষ ৪০ হাজার টাকা নেয় অভিযুক্তরা। একই এলাকার ভাঙ্গামালির নুর ইসলাম নামে এক যুবকের কাছ থেকেও ৩ লক্ষ ৫০ হাজার টাকা হাতিয়ে নেওয়া হয়েছে বলে অভিযোগ। প্রতারিত যুবক সাজ্জিত হোসেন জানিয়েছেন, ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে করিমুল নিজেকে সরকারি আধিকারিক পরিচয় দিয়ে বাগডোগরার শ্যামল বর্মনকে নিয়ে তাঁর বাড়িতে আসে। ডাটা এন্ট্রি অপারেটর পদে চাকরির প্রতিশ্রুতি দিয়ে প্রায় আড়াই লক্ষ টাকা নেয়। এলাকার আরেক যুবকের কাছ থেকে নেয় সাড়ে তিন লক্ষ টাকা। কিন্তু অনেকদিন পার হয়ে গেলেও চাকরির ব্যবস্থা হয়নি। টাকা ফেরত চাইলে দিতে টালবাহানা করে অভিযুক্তরা। গত বছর ৫০ হাজার টাকা ফেরতের জন্য একটি চেক লিখে দিলেও তা বাউন্স হয়ে যায়। একইভাবে অন্য যুবককে ২ লক্ষ টাকা ফেরতের জন্য চেক দিলেও সেই চেকও বাউন্স হয়ে যায়। গোটা ঘটনা জানিয়ে পুলিশের কাছে লিখিত অভিযোগ জানানোর পর রবিবার গভীর রাতে রাজগঞ্জ থানার পুলিশ বাগডোগরা থেকে শ্যামল বর্মনকে গ্রেফতার করে। আরেক অভিযুক্ত করিমুল হক আগাম জামিনের জন্য আদালতে আবেদন করলেও তা বাতিল হয়ে যায়। তার খোঁজ চালাচ্ছে পুলিশ। যদিও টাকা নেওয়ার কথা অস্বীকার করেছে অভিযুক্ত শ্যামল। এর আগেও শ্যামল বর্মন একইভাবে প্রতারণার অভিযোগে মাটিগাড়া থানার পুলিশের হাতে ধরা পড়ে অনেকদিন জেল খেটেছে বলে জানিয়েছে পুলিশ। সোমবার ধৃতকে জলপাইগুড়ি আদালতে পাঠানো হয়। রাজগঞ্জ থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত করা হচ্ছে।

২৫ ফুটের নেতাজি সুভাষচন্দ্র বসুর ছবি এঁকে চমক পড়ুয়ার

দুরন্ত বার্তা, আসানসোল, ২৩ জানুয়ারি ঃ পূর্ব বর্ধমানের আসানসোলের মহিশীলা কলোনি স্কুলে ২৫ ফুটের নেতাজি সুভাষচন্দ্র বসুর ছবি এঁকে চমকে দিল এক পড়ুয়া। ওই পড়ুয়া স্কুলের দশম শ্রেণীর ছাত্র অপূর্ব দত্ত। ১০০টি আর্ট পেপার জুড়ে ২৫ ফুট বাই ১৮ ফুট একটি নেতাজি ছবি এঁকেছে সে। ইতিমধ্যেই অপূর্ব রেকর্ডের জন্য ছবিটিকে বিভিন্ন সংস্থার কাছে পাঠিয়েছে। অপূর্বর দাবি ইন্ডিয়া বুক অফ রেকর্ড তার আঁকাকে স্বীকৃতি দিয়েছে। ছবিটিকে নিয়ে মানুষের উৎসাহের সীমা নেই। অপূর্ব জানিয়েছে সে কখনোই ছবি আঁকা শেখেনি। নিজের থেকেই সে ছবি আঁকতো। নানান শিল্পকর্মের সঙ্গে সে যুক্ত। বিশালাকার ওই নেতাজির ছবি ঘিরে উৎসাহ ছড়িয়েছে ওই স্কুলে। অপূর্ব দত্ত জানিয়েছে, স্কুলের হলঘরে এই ছবিটি আঁকা হয়েছে। মোট পাঁচ দিন সময় লেগেছে এই ছবিটি আঁকতে। স্কুলের বন্ধুরা তাকে রং করতে সাহায্য করেছে। স্কুলের মাস্টারমশাইরাও খুব খুশি অপূর্ব এই শিল্পকর্ম দেখে। অপূর্ব জানিয়েছে নেতাজি নামটার সঙ্গেই মনের ভেতর গভীর একটা আবেগ কাজ করে সেই আবেগ থেকেই এই ছবিটি এঁকেছে। অপূর্ব বলে, নেতাজি এমন এক ব্যক্তি, যাঁর নাম শুনলেই রক্ত গরম হয়। আসানসোলবাসীকে আমি নেতাজির ছবি উপহার দিতে চেয়েছিলাম। এ বছর মাধ্যমিক দেব। তবে এই ছবি আঁকার দিনগুলিতে পড়াশোনা হয়নি। ছবি আঁকতে ২ দিন, রং করতে ৩ দিন লেগেছে। মোট ৫ দিন লেগেছে। এই ছবি আঁকতে পেরে আমি খুব খুশি। অপূর্বর ওই সৃষ্টিতে গর্বিত তাঁর স্কুলের শিক্ষকরাও।

দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ টিআরডি-টেন্ডার-ডব্লু-২০২২-২৩-১৮, তারিখ ঃ ২০.০১.২০২৩। ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিইই/টিআরডি, দক্ষিণ পূর্ব রেলওয়ে, খড়্গপুর-৭২১৩০১ নিম্নলিখিত কাজের জন্য সমস্তীপুর পাশে উল্লিখিত তারিখে দুপুর ৩টার আগে ই-টেন্ডার আহ্বান করছেন যেটি দুপুর ৩.৩০ মিনিটে খোলা হবে। **কাজের বিবরণ ঃ** হলদিয়াতে ২ বছরের জন্য টিআরডি অ্যাসেটগুলির রক্ষণাবেক্ষণ তথা চেকরাউন অবস্থা থেকে পুনরায় কার্যোপযোগী করার কাজে ব্যবহারের জন্য ০১ টন ক্ষমতাসম্পন্ন ট্রাক ভাড়া করা। **টেন্ডার মূল্যমান ঃ** ৯,৭২,৮৮৮ টাকা। **ইএমডি ঃ** ১৯,৫০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** শূন্য। **খোলার তারিখ ঃ** ১০.০২.২০২৩। **সম্পাদনের সময়সীমা ঃ** ২৪ মাস। **জমার তারিখ ঃ** ১০.০২.২০২৩ তারিখ দুপুর ৩টা পর্যন্ত। টেন্ডারের সম্পূর্ণ বিশদ, বিবরণ, স্পেসিফিকেশন সম্পর্কে জানতে ও অনলাইনে বিড জমা করতে আগ্রহী টেন্ডারদাতারা ওয়েবসাইটে www.ireps.gov.in দেখতে পাবেন। এই কাজের জন্য কোন ফেরেই ম্যানুয়াল টেন্ডার গ্রাহ্য হবে না। **দ্রষ্টব্য ঃ** সম্ভাব্য বিজ্ঞাপণ সকল টেন্ডারে অংশগ্রহণের জন্য নিয়মিত www.ireps.gov.in দেখতে পাবেন। (PR-1041)

Notice of E-Tender

Application are invited from benefit contractors or suppliers vide **NIT Bearing No.-13/BALLY-II G.P/2023, dated-24/01/2023.** This said tenders may be found at **www.wbtender.gov.in**. Date of published- **24/01/2023.** Last date of submission-**30/01/2023 at 1 pm.** Nature of works: 4Nos. of Tubewell.

Sd/- Pradhan
Bally-II GP

নেতাজির জন্মদিবসে ধুন্ধুমার মুর্শিদাবাদে

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২৩ জানুয়ারি ঃ ২৩ জানুয়ারি দেশজুড়ে নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬ তম জন্মজয়ন্তী পালন করা হল শ্রদ্ধার সাথে। এদিন নেতাজির জন্মদিবস পালনকে কেন্দ্র করে ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে রাজনৈতিক তরজা। বিজেপি থেকে শুরু করে কংগ্রেস, সিপিএম, তৃণমূল প্রত্যেক রাজনৈতিক দলই নেতাজির জন্মদিবস নিয়ে একে অপরকে আক্রমণ পালটা আক্রমণ করেছে। আর এবার নেতাজির জন্মদিবসকে কেন্দ্র করে ধুন্ধুমার বাঁধল মুর্শিদাবাদের ইসলামপুরে। এদিন মূলত ঝামেলার সূত্রপাত নেতাজি সুভাষচন্দ্র বসুর মূর্তিতে মালা দেওয়াকে কেন্দ্র করে। মুর্শিদাবাদের ইসলামপুরে ফরওয়ার্ড ব্লক নেতা-কর্মীদের মারধর করা হয়েছে বলে অভিযোগ। এই অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মীদের বিরুদ্ধে। নেতাজির জন্মদিবস উপলক্ষে ফরওয়ার্ড ব্লকের জেলা সভাপতি তথা প্রাক্তন বিধায়ক বিভাস চক্রবর্তীর নেতৃত্বে কর্মীরা এদিন মিছিল করেন। সেই মিছিলে রানীনগর ১ তৃণমূল ব্লক সভাপতি মোস্তফা সরকার ওরফে নেতাজুলের নেতৃত্বে হামলা চালানো হয় বলে অভিযোগ। বিভাস চক্রবর্তীর অভিযোগ, এদিন প্রশাসনের অনুমতি নিয়ে মিছিল করা হচ্ছিল। তারপরেও নেতাজুল ইসলাম লাঠি নিয়ে আমাদের কর্মী-সমর্থকদের ওপর হামলা করেন। আমাকেও বুকে ঘুষি মারা হয়। ব্যাজ কেড়ে নেওয়া হয়। কর্মীদের উপর হামলা করা হয়। পরিকল্পিতভাবে এই হামলা চালানো হয়েছে বলে তিনি অভিযোগ জানিয়েছেন। এমনকী আক্রান্ত হয়েছেন সাংবাদিকরাও। এই ঘটনার ছবি তুলতে গিয়ে সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা আক্রান্ত হয়েছেন বলে অভিযোগ। ঘটনায় তিনজন ফরওয়ার্ড ব্লক কর্মী আহত হয়েছেন বলে খবর। তাঁদেরকে ইতিমধ্যেই হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। উত্তেজনার জেরে মাল্যদান এবং পুস্পার্ঘ্য নিবেদন স্থগিত হয়ে যায় সেখানে। পরে ঘটনাস্থলে পৌঁছয় ইসমামপুর থানার পুলিশ। সেখানে তারা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনায় এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি।

জলপাইগুড়ি পুলিশের সচেতনতা শিবির

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ জানুয়ারি ঃ চোখের দৃষ্টি যেন ভালো থাকে, তাই পুলিশ, বালি-পাথর পরিবহন সমিতি ও স্বেচ্ছাসেবী সংগঠনের যৌথ উদ্যোগে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হল। দুর্ঘটনা এড়াতে জলপাইগুড়ি ট্রাফিক পুলিশ জলপাইগুড়ি বালি-পাথর পরিবহন সমিতি ও স্বেচ্ছাসেবী সংগঠনের যৌথ এই অভিনব উদ্যোগ। জাতীয় সড়কের ধারে গোসলা মোড়ে সোমবার অনুষ্ঠিত হলো জেলা পুলিশের উপস্থিতিতে চক্ষু পরীক্ষা শিবির। এই শিবিরে বিভিন্ন গাড়ি চালকেরা চোখ পরীক্ষা করে নিচ্ছে। বিনামূল্যে চশমা বিতরণের পাশাপাশি চক্ষু অপারেশনের সুবিধাও রয়েছে। শুধু তাই নয়, যেসব দূরপাল্লার গাড়ি থামিয়ে তাদেরও চক্র পরীক্ষা করাচ্ছে জেলা ট্রাফিক পুলিশ। কারণ চোখ যদি ভালো থাকে তাহলে দুর্ঘটনা কেমন ভাবে হবে না। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জলপাইগুড়ির অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ সেন।

হাওড়া পৌর নিগম

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-৭১১১০১

নং. ডব্লুবি-এইচএমসি/টিএন/ইডি/স্বাস্থ্য/৬২৫/২০২২-২০২৩ তারিখ ১৮.০১.২০২৩

ই-টেন্ডার নোটিস

প্রস্তাবিত ফর্মে ই-টেন্ডার নোটিস আহ্বান করছেন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, হাওড়া পুরনিগম বর্তমানে থাকা পলি ক্লিনিক ও ডায়াগনিস্টিক সেন্টার নবীকরণ করার কাজ অধীন ওয়ার্ড নং. ৪ ও ১৯ হাওড়া পৌর নিগম অধীন প্রতিষ্ঠিত, সম্পদশালী ও বিশ্বস্ত ঠিকাদারদের কাছ থেকে যাদের প্রভূত অভিজ্ঞতা রয়েছে একই ধরণের কাজে। অনুসারী বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে ই-টেন্ডার নোটিস ও এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার বিভাগে/ www.wbtenders.gov.in। দরপত্র জমা বন্ধের তারিখ ঃ ০১.০২.২০২৩ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। কোনরূপ কারণ উল্লেখ না করে কোন আবেদন গ্রহণ ও বাতিল করার অধিকার সংরক্ষিত রয়েছে এইচএমসি কর্তৃপক্ষের।

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার
হাওড়া পৌর নিগম

৩২২(২)/২২-২৩ ২১.০১.২০২৩

TARAKESWAR MUNICIPALITY
e-Tender Notice

e-Tender Notice The Chairman, Tarakeswar Municipality invites of e-tender of the following tender ID of SWM works under Tarakeswar Municipality: Supply of one no Tractor trailor for SWM work of Tarakeswar Municipality

Sl. No	Tender for	e-Bid submission start date	e-Bid submission end date	Technical Bid Opening date
1	2023_MAD_453792_1	24.01.23	07.02.23	09.02.23

Details information will be available from the website- **http://wbetenders.gov.in**

Sd/-Chairman
Tarakeswar Municipality

OFFICE OF THE FRESERGANJ GRAM PANCHAYAT
FRESERGANJ, P.O.- FRESERGANJ, P.S.-FRESERGANJ
COASTAL, NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-11/ (2022-2023), Date-19/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o - parikalpana upo-samity), Freserhanj Gram Panchayat from experienced and resourceful bidders for total 6(Six)Nos. similar nature of works. Source of Fund: XV FC 1st inst. Tied/(22-23). Time of Time of completion 30 days. E-Tender document downloading from **21/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid(online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Freserganj Gram Panchayat

OFFICE OF THE FRESERGANJ GRAM PANCHAYAT
FRESERGANJ, P.O.- FRESERGANJ, P.S.-FRESERGANJ
COASTAL, NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-12/ (2022-2023), Date-19/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o - parikalpana upo-samity), Freserhanj Gram Panchayat from experienced and resourceful bidders for total 5(Five)Nos. similar nature of works. Source of Fund: XV FC 1st inst. Un-Tied/(22-23). Time of Time of completion 30 days. E-Tender document downloading from **21/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid(online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Freserganj Gram Panchayat

OFFICE OF THE HARIPUR GRAM PANCHAYAT
HARIPUR, P.O.-HARIPUR, P.S. - NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-20/ (2022-2023), Date-20/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o - parikalpana upo-samity), Haripur Gram Panchayat from experienced and resourceful bidders for total 8(Eight)Nos. different works. Work completion period: 30 days. E-Tender document downloading from **22/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid (online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Haripur Gram Panchayat

OFFICE OF THE HARIPUR GRAM PANCHAYAT
HARIPUR, P.O.-HARIPUR, P.S. - NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-21/ (2022-2023), Date-20/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o - parikalpana upo-samity), Haripur Gram Panchayat from experienced and resourceful bidders for total 5(Five)Nos. different works. Work completion period: 30 days. E-Tender document downloading from **22/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid(online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Haripur Gram Panchayat

OFFICE OF THE JHALDA-II PANCHAYAT SAMITY
At-Kotshila, PO-Jiudaru, PS-Kotshila, Dist.-Purulia, 723213
Memo. No. 60/EO/JLD-II, Dated: 20/01/2023

Notice

Executive Officer, Jhalda-II Panchayat Samity invites E-tender as follows: **NIeT No.-10(e)/EO/JLD-II/2022-23 dt 20.01.2023,** for 5 nos. of scheme **(Tender ID 2023_ZPHD_454874_1 TO 2023_ZPHD_454874_6)** within the jurisdiction of Jhalda-II Panchayat Samity. Last Date of tender submission is **01.02.2023 up to 5-00 pm** respectively. Details may be obtained from website: **https://wbtenders.gov.in**

Sd/- Executive Officer
Jhalda-II Panchayat Samity

E-TENDER

NIT NO :- 11/RAM/E-TENDER/15 th FC(Tied Fund)/2022-23, Date:- 20/01/2023
Memo No- 09/RAM/15 th FC (Tied Fund)/2022-23 , Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Pucca Drain with Cover Slab from Land of Basudeb Kha to Singur Bill via side of Pipli 2 Nos Dairy Milk Samity at Mouza – Pipli, Sansad No- I under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59298629) (2023_ZPHD_451674_1)**

NIT NO :- 11/RAM/E-TENDER/15 th FC(Tied Fund)/2022-23, Date:- 20/01/2023
Memo No- 09/RAM/15 th FC (Tied Fund)/2022-23 , Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Pucca Drain from house of Hari Sarkar to Land of Nanda Halder at Mouza – Purandarpur, Sansad No- XIII under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59342056) (2023_ZPHD_451762_1)**

NIT NO :- 11/RAM/E-TENDER/15 th FC(Tied Fund)/2022-23, Date:- 20/01/2023
Memo No- 09/RAM/15 th FC (Tied Fund)/2022-23 , Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Pucca Drain with Cover Slab from Pond of Gopal Biswas to Ichhamati Ghat at Mouza – Subidpur, Sansad No- XVII under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59349324) (2023_ZPHD_451831_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road from Paka Rasta to house of Ramkrishna Mondal at Mouza – Sashadanga, Sansad No- VI under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59519598) (2023_ZPHD_451946_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road house of Mangal Roy to house of ParimalSantra at Mouza – Sashadanga, Sansad No- VII under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59519667) (2023_ZPHD_452011_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road from house of Gopal Tarafder to house of Aswani Mondal at Mouza –Garjala, Sansad No- IX under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59519801) (2023_ZPHD_452416_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road house of Gopal Patra to house of Kartick Mondal at Mouza – Beri, Sansad No- XIV under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59520342) (2023_ZPHD_452451_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road house of Pabitra Barman to house of Tulsi Adhikari at Mouza – Beri, Sansad No- XVI under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59521004) (2023_ZPHD_452475_1)**

NIT NO :- 13/RAM/E-TENDER/PBG-IBRD/2022-23 Date:- 20/01/2023
Memo No- 11/RAM/E-TENDER/PBG-IBRD/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- UPGRADATION OF BLACK TOP ROAD FROM HOUSE OF AJIT MONDAL TO POND OF SHIBDAS BISWAS AT MOUZA - GARJALA, SANSAD - X, JL NO 107 UNDER RAMNAGAR G.P. OF GAIGHATA BLOCK. **(Activity Id – 40064562) (2023_ZPHD_452453_1)**

NIT NO :- 14/RAM/E-TENDER/PBG-SFC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 12/RAM/E-TENDER/PBG-SFC/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- UPGRADATION OF BLACK TOP ROAD FROM HOUSE OF NIKHIL SARKAR TO HOUSE OF CHHIDDIK MONDAL AT MOUZA - GARJALA, SANSAD - X, JL NO -107 UNDER RAMN